# Economics Generic (Fourth Semester)
## Development Economics
## Rostow's Theory of Economic Growth

অধ্যাপক W. W. Rostow অর্থনৈতিক উন্নয়নের জন্য পাঁচটি স্তরক্রম বা পর্যায় কথা উল্লেখ করেছে। এই পাঁচটি স্তরের বর্ণনা সম্বন্ধে যে অর্থনৈতিক তত্ত্ব তাকে অর্থনৈতিক প্রসারের ক্ষেত্রে রস্টোর প্রদত্ত স্তর-তত্ত্ব বলা হল। এই তত্ত্বের বিভিন্ন স্তরগুলি হল :-

1. চিরাচরিত সমাজ (The Traditional Society)
2. প্রাক্‌-উত্তোলন পর্ব (The Pre-conditions for Take-off)
3. উত্তোলন পর্ব (Take-off).
4. সমৃদ্ধির দিকে যাত্রা (Drive to Maturity)
5. উচ্চ গণ-ভোগের স্তর (Age of High Mass Consumption)

1. **চিরাচরি সমাজের প্রধান বৈশিষ্ট্য :-**

এই স্তরে সমাজে কৃষির উপর নির্ভরশীল; প্রায় 75% বা তার বেশী মানুষ কৃষিতে নিযুক্ত। এই স্তরে মূলধনের প্রয়োগ কম হওয়ার জন্যে মাথাপিছু উৎপাদন খুবই কম।

2. **প্রাক্‌-উত্তোলন পর্বের বৈশিষ্ট্য :-**

এই স্তরটি একটি রূপান্তরের পর্ব যেখানে ধারাবাহিক বৃদ্ধির বা প্রসারের আগের লক্ষণগুলি দেখা যায়। সমাজে শিক্ষার প্রসার ঘটে, উদ্যোগকারী সঞ্চয় সংগ্রহ করে বিনিয়োগ করার ঝুঁকি নেয়। বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠান স্থাপিত হয়। শিল্প ও কারখানার উদ্ভাবন ঘটে। এই স্তরে তিনটি শর্ত পূরণ হওয়া আবশ্যক।

: সামাজিক মূলধন গঠন বিশেষত পরিবহণ ব্যবস্থার বৃদ্ধি

: কৃষিতে কৃৎকৌশলগত উন্নতি যাতে কৃষিতে উৎপাদন-
-শীলতা বৃদ্ধি পায় ও জনসংখ্যার যে চাহিদা তা মেটাতে সক্ষম হয়।

: মূলধনী দ্রব্য ও অন্যান্য দ্রব্যে আমদানি বৃদ্ধি যা ক্রয় করার অর্থ প্রাকৃতিক সম্পদের উৎপাদন ও রপ্তানির থেকে সংগৃহীত হবে।

3. উত্তোলন পর্বের বৈশিষ্ট্য :-

এই স্তরে বৃদ্ধি ও প্রসার অর্থনীতির জন্য একটি স্বাভাবিক প্রক্রিয়া হয়ে ওঠে। এই স্তরের তিনটি প্রয়োজনীয় শর্ত হল :-

: উৎপাদনশীল বিনিয়োগ প্রায় বলা যাক 5% বা তার কম থেকে বৃদ্ধি পেয়ে জাতীয় আয়ের 10 শতাংশ হয়।

: এক বা অধিক মৌলিক শিল্প প্রতিষ্ঠিত হওয়া যার বৃদ্ধির হার খুব বেশী। এই শিল্পগুলি হল 'দিক-দিশারী'।

: এমন একটি সামাজিক, রাজনৈতিক ও প্রাতিষ্ঠানিক কাঠামোর উপস্থিতি বা গঠন যার দ্বারা আধুনিক সমস্ত ক্ষেত্রগুলির অর্থনৈতিক প্রসার গতি দেখা হয় বা প্রসারের সম্ভাবনার মূল্যায়ন করা হয়।

4. সমৃদ্ধির দিকে যাত্রা পর্বের বৈশিষ্ট্য :-

এই স্তরগুলিতে আধুনিক কৃৎকৌশলের সফল প্রয়োগ ঘটেছে ও এই স্তর-টি যেকোন অর্থনীতির দীর্ঘকালীন স্বয়ংচালিত উন্নয়নের স্তর। এই স্তরের তিনটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক ~~পরিবর্তন~~ পরিবর্তন ঘটে যা নিম্নরূপ :-

(i) শ্রমিক শ্রেণীর দক্ষতা বৃদ্ধি পায়,

(ii) দক্ষ পরিচালনার পরিচয় পাওয়া যায়,

(iii) জনসাধারণ কৃৎকৌশলগত উন্নতির ভক্ত হয়ে ওঠে।

এই স্তরের শ্রমিকের কৃষি ক্ষেত্র থেকে অকৃষি ক্ষেত্রে স্থানান্তর ঘটে ও শ্রমিক white collar jobs 'এ' নিযুক্ত হয়।

5. উচ্চ গণভোগ স্তর পর্বের বৈশিষ্ট্য :-

এই স্তরে জনসাধারণ ভোগের পূজারী হয়ে ওঠে- ও মানুষ যোগানের থেকে চাহিদার উপর বেশী গুরুত্ব দেয়।

রস্টোর তত্ত্বের মূল্যায়ন :-

বাস্তবে একটি অর্থনীতি এই স্তরের নির্দেশিত গতিপথ নাও মানতে পারে।

বিভিন্ন স্তরের মধ্যে সীমারেখা সুস্পষ্ট নয়।

একটি স্তর থেকে অপর স্তরটিতে একটি অর্থনীতি কেন ও কিভাবে উন্নীত হয় তা ব্যাখ্যা করা নেই।

রস্টোর তত্ত্বে মার্ক্সীয় তত্ত্বের মত কোন বৈজ্ঞানিক বস্তুবাদের কোন উল্লেখ নেই।

তথ্যসূত্র :-

সরখেল জয়দেব, সৌলিম ঘোষ, শুভ্র অনিন্দ্য; অর্থনৈতিক উন্নয়ন - প্রতিষ্ঠান, তত্ত্ব ও প্রয়োগ; (2009), বুক সিন্ডিকেট প্রাইভেট লিমিটেড কলকাতা

The students may also visit the following web link for Rostow’s Stage Theory:

https://translate.google.co.in/translate?hl=bn&sl=en&u=https://en.wikipedia.org/wiki/Rostow%2527s_stages_of_growth&prev=search